

দূরশিক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকায় এনএসওইউ: উচ্চশিক্ষা মন্ত্রী

আজকালের প্রতিবেদন

মুক্ত ও দূরশিক্ষার মাধ্যমে সাধারণ মানুষের কাছে উচ্চশিক্ষার সুযোগ পৌঁছে দেওয়ার ক্ষেত্রে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় (এনএসওইউ)-এর গুরুত্বপূর্ণ ভূমিকার প্রশংসা করলেন উচ্চশিক্ষা মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায়। এনএসওইউয়ে জাতীয় শিক্ষানীতি ২০২০-র বাস্তবায়ন সংক্রান্ত এক কর্মশালায় আয়োজন করা হয়েছিল। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে ছিলেন উচ্চশিক্ষা মন্ত্রী। একই সঙ্গে জাতীয় শিক্ষানীতি ২০২০ কার্যকর করার জন্য বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন উদ্যোগকেও তিনি সাধুবাদ জানান।

বিশ্ববিদ্যালয়ের সাফল্যের কথা তুলে ধরে তিনি বলেন, দেশের মুক্ত বিশ্ববিদ্যালয়গুলির মধ্যে ন্যাক মূল্যায়নে নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় ভাল অবস্থানে রয়েছে। ২০২৪ সালের এনআইআরএফ র‍্যাঙ্কিংয়ে স্থান পাওয়া এবং ইউজিসির ১২(বি) স্বীকৃতি অর্জন বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ সাফল্য। তিনি আরও



এনএসওইউয়ের কর্মশালায় উচ্চশিক্ষা মন্ত্রী
জগন্নাথ চট্টোপাধ্যায়। ছবি: আজকাল

.....
জানান, পশ্চিমবঙ্গে জাতীয় শিক্ষানীতির যথাযথ বাস্তবায়ন করা রাজ্য সরকারের অন্যতম লক্ষ্য। এই উদ্দেশ্যে ইতিমধ্যেই একটি রাজ্য স্তরের টাস্ক ফোর্স গঠন করা হয়েছে। এর উপদেষ্টা হিসেবে রয়েছেন ড. এম জগদীশ কুমার।